

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৭৭

২/ সালাত (الصلوة)

পরিচ্ছেদঃ ১২৩. সালাতের শুরুতে চুপ থাকা

بَابُ السَّكْتَةِ عِنْدَ الْإِفْتَاحِ

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، عَنْ يُونُسَ، عَنْ الْحَسَنِ، قَالَ قَالَ سَمْرَةُ حَفِظْتُ سَكْتَتِيْنِ فِي الصَّلَاةِ سَكْتَةً إِذَا كَبَّرَ الْإِمَامُ حَتَّىٰ يَقْرَأَ وَسَكْتَةً إِذَا فَرَغَ مِنْ فَاتِحَةِ الْكِتَابِ وَسُورَةِ عِنْدَ الرُّكُوعِ قَالَ فَأَنْكَرَ ذَلِكَ عَلَيْهِ عِمْرَانُ بْنُ حُصَيْنٍ قَالَ فَكَتَبُوا فِي ذَلِكَ إِلَى الْمَدِينَةِ إِلَى أُبَيِّ فَصَدَّقَ سَمْرَةَ .

– ضعيف : الإرواء ৫০৫

قَالَ أَبُو دَاؤِدَ كَذَّا قَالَ حُمَيْدٌ فِي هَذَا الْحَدِيثِ وَسَكْتَةً إِذَا فَرَغَ مِنَ الْقِرَاءَةِ

বাংলা

৭৭৭। আল-হাসান (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, সামুরাহ (রাঃ) বলেন, সালাতে নিশুপ থাকার দুটি স্থান (দু' সাকতা) আমি স্মরণ রেখেছি। প্রথম সাকতা হলো ইমামের তাকবীরে তাহরীমা বলা থেকে কিরাত আরম্ভ করা পর্যন্ত। আর দ্বিতীয় সাকতা হলো ইমামের সূরাহ ফাতিহা ও অন্য সূরাহ পড়ার পর রুকু'তে যাওয়ার পূর্বে। কিন্তু 'ইমরান ইবনু ভুসাইন (রাঃ) একথা মেনে নিতে অস্বীকার করেন। ফলে তারা এ বিষয়ে জানার জন্য মদীনাতে উবাই ইবনু কাব (রাঃ)-এর নিকট পত্র লিখে পাঠালে তিনি সামুরাহ (রাঃ)-এর বর্ণনাকে সত্যায়িত করেন।[1]

দুর্বল ।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, এই হাদীসে হুমায়িদও অনুরূপভাবে বলেছেন যে, কিরাত শেষে একটি সাকতা রয়েছে।

English

Narrated Samurah ibn Jundub:

I remember two period of silence in prayer, one when the imam said the takbir; and one when he finished reciting the Fatihah and the surah when he was about to bow. But Imran ibn Husayn took it as something strange. So they wrote about it to Ubayy (ibn Ka'b) in Medina. He verified the statement of Samurah.

Abu Dawud said: Humaid also narrated in this tradition the words "and one period silence when he finished the recitation (of the Qur'an)"

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত ক্লায়িম, অনুঃ ইমামের সাকতা বা নরীবতা, হাঃ ৮৪৫)।

হাদিসের মান: যদ্বিক (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58095>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন